দৈঃ ইনকিলাব

20 JAN 2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়

# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা

নং ঃ বাককবো-১৮/২০০৪(অংশ-১)-১২৩২ তারিখ ঃ ১৮-০১-২০০৯

# বিজ্ঞপ্তি

## বিষয় : ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের সন্তান-সন্ততিদের জন্য ২০০৮-২০০৯ অর্থ বছরের শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান।

সংস্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড অসামরিক খাত হতে বেতন গ্রহণকারী (ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত) সকল ৩য় ও ৪র্থ শ্রেণী সরকারী কর্মচারীদের সন্তান-সন্ততিদের জন্য নির্ধারিত ফরমে ২০০৮-২০০৯ সালের শিক্ষা বৃত্তি প্রদানের দরখাস্ত আহ্বান করছে। কন্টিনজেন্সি, ওয়ার্কচার্জড কর্মচারী যারা এক নাগাড়ে ৫ (পাঁচ) বছর বা তদূর্ধ্বকাল চাকুরীতে নিয়োজিত আছেন তারাও নিজ সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

০২। উপরোক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ (দুই) জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। তবে তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০% থাকতে হবে। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের (৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত) পূর্ববর্তী পরীক্ষার নম্বরপত্র এবং উচ্চ মাধ্যমিক/স্নাতক/স্নাতকোত্তর শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ২৫ মার্চ, ২০০৯/১১ চৈত্র, ১৪১৫ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট অফিসে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না। পরীক্ষায় ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হলে তা অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

কর্মচারীগণ যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে পারেন সে জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনা মূল্যে ফরম বিতরণের ব্যবস্থা নেয়া হয়েছে। আগ্রহী কর্মচারীগণ ব্যক্তিগতভাবে অথবা ৪ (চার) টাকার ডাকটিকিটযুক্ত ঠিকানা সম্বলিত ১০″×৫″ সাইজের খামসহ স্ব-স্ব অফিসের মাধ্যমে দরখাস্ত করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/বিভাগীয় কার্যালয়সমূহ অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা হতে ডাকযোগে আবেদন ফরম সংগ্রহ করতে পারেন। যথাযথভাবে পূরণকৃত ফরম স্ব-স্ব অফিস প্রধানের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে নিম্নে বর্ণিত অফিসে জমা দিতে হবে।

০১। **ঢাকা মহানগরীতে কর্মরত সরকারী কর্মচারীদের জন্য ঃ**
উপ-পরিচালক (কর্মসূচী ও যৌথ বীমা)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়
১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

০২। **ঢাকা মহানগরী ব্যতীত ঢাকা বিভাগের কর্মরত সরকারী কর্মচারীদের জন্য ঃ**
উপ-পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়
১ম ১২তলা সরকারী অফিস ভবন (৩ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

০৩। **চট্টগ্রাম বিভাগে কর্মরত সরকারী কর্মচারীদের জন্য ঃ**
উপ-পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়
সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।

০৪। **রাজশাহী বিভাগে কর্মরত সরকারী কর্মচারীদের জন্য ঃ**
উপ-পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

০৫। **খুলনা বিভাগে কর্মরত সরকারী কর্মচারীদের জন্য ঃ**
উপ-পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা।

০৬। **বরিশাল বিভাগে কর্মরত সরকারী কর্মচারীদের জন্য ঃ**
উপ-পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

০৭। **সিলেট বিভাগে কর্মরত সরকারী কর্মচারীদের জন্য ঃ**
উপ-পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, কোর্ট বিল্ডিং, সিলেট।

এ কে এম আজিজুল হক
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক।
ফোন ঃ ৯৩৪৯৩২৩

১/০৯ (১০″×৩)